দৈনিক সংবাদ

তারিখ 25 FEB 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

34

### যশোর শিক্ষা বোর্ড

# দশ হাজার পরীক্ষার্থীকে ভুয়া রেজিস্ট্রেশন দেয়া হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

যশোর শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখায় দুর্নীতিবাজ কর্মচারীদের সহায়তায় এবার ১০ হাজার পরীক্ষার্থীকে ভুয়া রেজিস্ট্রেশন দেয়া হয়েছে। এ কারণে শিক্ষা বোর্ডের গচ্চা গেছে প্রায় ৭ লাখ টাকা। একজন পদস্থ কর্মকর্তা ঘটনার সত্যতা স্বীকার করে বলেছেন, এ বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

'৯৫-এর এসএসসি পরীক্ষায় রচনা-মূলক ও নৈর্ব্যক্তিক-এর মিলিত নম্বরের ভিত্তিতে পাস করার সর্বশেষ সুযোগ। আর তাই এ বছর অষ্টম ও নবম শ্রেণীর বিপুল সংখ্যক ছাত্রছাত্রী অবৈধ ও ভুয়া নিবন্ধনের মাধ্যমে পরীক্ষার ফরম পূরণ করেছে।

ভুয়া নিবন্ধনের জন্য নিবন্ধন শাখার এক শ্রেণীর চিহ্নিত দুর্নীতিবাজ কর্মচারীরা নিবন্ধন প্রতি ৫শ' থেকে ১ হাজার টাকা হাতিয়ে নিয়েছে। ভুয়া নিবন্ধনের বিষয়টি ঘটনাক্রমে ফাঁস হয়ে গেলে যশোর বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রবেশপত্র দেবার আগে প্রত্যেক পরীক্ষার্থীর নিবন্ধন নম্বর যাচাইয়ের উদ্যোগ নেন। এই সিদ্ধান্তে কর্মচারী ইউনিয়ন নাখোশ হয়। তারা এই সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য পরীক্ষা নিয়ন্ত্রককে হুমকি ও ভয়ভীতি দেখাতে থাকে। বোর্ড কর্তৃপক্ষ ইউনিয়নের কাছে জিম্মি হয়ে পড়েছে। অভিযোগ উঠেছে, তাদের কারণে নিবন্ধনপত্র যাচাইয়ের কাজ ব্যাহত হচ্ছে।